

Chapter 11

주세요 (বস্তুবাচক বিশেষ্যের পরে যুক্ত হয়ে অন্য কাউকে সে বস্তুটি দিতে অনুরোধ বা নির্দেশ দিতে)

★(দিন/দেন)—অর্থ প্রকাশ করে★

주세요 বস্তুবাচক বিশেষ্যের পরে যুক্ত হয়ে অন্য কাউকে সে বস্তুটি দিতে অনুরোধ বা নির্দেশ দেয়া বুঝায়। 주세요 কোনো কিছু কেনার সময় বেশি ব্যবহৃত হয়।

যেমন-

- ❖ 가: 뭘 드릴까요? কি দিব?
- ❖ 나: 오렌지 두 개 주세요. কমলা দুইটি দিন।
- ❖ 가: 뭘 드릴까요? কি দিব?
- ❖ 나: 커피 두 잔 주세요. কফি দুই কাপ দিন।

아/어 주세요 (ক্রিয়াপদের পেছনে যুক্ত হয়ে কাউকে সে কাজটি করার অনুরোধ বা নম্রতার সাথে আদেশ করা বুঝাতে)

★(কিনে দিন, রেখে দিন, দেখে দিন—অর্থ প্রকাশ করে)★

아/어 주세요 ক্রিয়াপদের পেছনে যুক্ত হয়ে কাউকে সেই কাজটি করার অনুরোধ বা নম্রতার সাথে আদেশ করা বুঝায়। ভার্বটির 다 উঠিয়ে দিয়ে সর্বশেষ অক্ষর ㅏ, ㅑ হলে 아 주세요 এবং ㅓ, ㅕ ছাড়া বাদ বাকী স্বরবর্ণ থাকলে 어 주세요 যুক্ত হবে। শুধু 하다 থাকলে 해 주세요 হবে। এছাড়াও কেউ কাউকে সাহায্য করার ইচ্ছা পোষন করতে চাইলে 아/어 드릴까요? ব্যবহৃত হয়।

যেমন-

- 너무 더워요. 창문을 좀 열어 주세요. অনেক गरम। জানালাটা একটু খুলে দিন।
- 이 빵을 봉투에 좀 넣어 주세요. এই ৰুটিটি একটু প্যাকেটে ঢুকিয়ে দিন।

Chapter 12

(으)세요 (হ্যাঁ বোধক বাক্যে বর্তমান কোনো কিছু বলতে)

★(দয়া করে—অর্থ প্রকাশ করে)★

(으)세요 শুধুমাত্র ক্রিয়াপদের পেছনে যুক্ত করে কাউকে আদেশ বা কিছু জন্য় অনুরোধ করতে ব্যবহৃত হয়। ভার্বটির 다 উঠিয়ে দিয়ে বাচ্ছিম থাকলে বা সর্বশেষ অক্ষর ব্যঞ্জনবর্ণ দিয়ে শেষ হলে 으세요 এবং বাচ্ছিম না থাকলে বা স্বরবর্ণ দিয়ে শেষ হলে বা শুধু ㅁ বাচ্ছিম থাকলে 세요 যুক্ত করতে হবে। তবে এক্ষেত্রে ㅁ বাচ্ছিম লোপ পাবে অর্থাৎ উচ্চারণ হবেনা।

যেমন-

- ❖ 여기에 앉으세요 . এখানে বসুন।

- ❖ 리한 씨, 빨리 오세요. रिहान ताडाताडि आसून।
- ❖ 잠깐만 기다리세요. एकटु अपेक्षा करून।

তবে মনে রাখতে হবে এমন কিছু ভাব আছে যেগুলোর পেছনে লাগলে সম্পূর্ণ ভাবটিই পরিবর্তন হয়ে যায়। যেমন-

- 있다---계세요
- 먹다/마시다---드세요
- 자다---주무세요

(으)로 (দিক বুঝাতে ব্যবহৃত হয়)

★(দিকে—অর্থ প্রকাশ করে)★

স্থানবাচক নাউনের পেছনে (으)로 যুক্ত হয়ে গতি পথের দিক বা কোনো স্থানের দিকে যাওয়া বা আসা বা গন্তব্যস্থল বুঝায়। স্থানবাচক শব্দটির বাচ্ছিম থাকলে বা ব্যঞ্জনবর্ণ দিয়ে শেষ হলে 으로 এবং বাচ্ছিম না থাকলে বা স্বরবর্ণ দিয়ে শেষ হলে বা শুধু = বাচ্ছিম থাকলে 로 যুক্ত করতে হবে। তবে এক্ষেত্রে = বাচ্ছিম লোপ পাবে না অর্থাৎ উচ্চারণ হবে।

যেমন-

- ❖ 가: 화장실이 어디에 있어요? টয়লেট কোথায় আছে?
- ❖ 나: 사무실 옆에 있어요. 오른쪽으로 가세요. অফিসের পাশে আছে। ডানদিকে যান।
- ❖ 뒤로 가세요. পিছনের দিকে যান।
- ❖ 오른쪽으로 가세요. ডানদিকে যান।
- ❖ 왼쪽으로 가세요. বামদিকে যান।
- ❖ 아래로 내려가세요. নিচের দিকে নেমে যান।
- ❖ 위로 올라가세요. উপরের দিকে উঠে যান।

Chapter 13

고 싶다 (সামর্থ্য, সময় চিন্তা না করে ইচ্ছা প্রকাশ করতে)

★(খেতে চাই, পড়তে চাই অর্থ প্রকাশ করে।

싶다= চাই)★

고 싶다 ক্রিয়াপদের পেছনে যুক্ত হয়ে বক্তার ইচ্ছা, চাওয়া, আশা, প্রত্যাশা প্রকাশ করে এবং প্রশ্নবোধক বাক্যেও শ্রোতা কি চায় বা আশা করে তা জিজ্ঞেস করতে ব্যবহৃত হয়।

যেমন-

- ❖ 가: 뭐 하고 싶어요? কি করতে চান?
- ❖ 나: 커피를 마시고 싶어요. কফি খেতে চাই।
- ❖ 가: 뭐 먹고 싶어요? কি খেতে চান?

- ❖ 나: 비빔밥을 먹고 싶어요. বিশ্বাৰ খেতে চাই।
- ❖ 영화를 보고 싶어요. সিনেমা দেখতে চাই।

(으) = 까요 (প্রশ্নবোধক বাক্যে শ্রোতার মতামত জানতে)

★(প্রশ্ন করা বুঝায়। (সিনিয়র)

(মতামত জানতে চাওয়া মূলক প্রশ্ন)

(অন্যর কাছে প্রশ্নাব, সাধা- সাধি)★

(으) = 까요 ক্রিয়াপদের পেছনে যুক্ত হয়ে ঘনিষ্ঠ বা উর্ধ্বতন কাউকে কিছু প্রশ্নাব করতে বা একসাথে করার জন্য ব্যবহৃত হয়। ভাবটি **다** উঠিয়ে দিয়ে বাচ্ছিম থাকলে বা সর্বশেষ অক্ষর ব্যঞ্জনবর্ণ দিয়ে শেষ হলে **을까요** এবং বাচ্ছিম না থাকলে বা স্বরবর্ণ দিয়ে শেষ হলে বা শুধু **=** বাচ্ছিম থাকলে **=** **까요** যুক্ত করতে হবে। তবে এক্ষেত্রে বাচ্ছিম লোপ পাবে অর্থাৎ উচ্চারণ হবেনা।

যেমন-

- ❖ 가: 지금 같이 커피 한잔 마실 **까요**? এখন একসাথে এককাপ কফি পান করতে পারি?
- ❖ 나: 미안해요. 지금 너무 바빠요. দুঃখিত। এখন খুব ব্যস্ত।
- ❖ 가: 내일 같이 점심 먹**을까요**? আগামীকাল একসাথে দুপুরের খাবার খেতে পারি?
- ❖ 나: 좋아요. 같이 점심 먹어요. ভালো। চলুন একসাথে দুপুরের খাবার খাই।

Chapter 14

(으) = 래요 (প্রশ্নমূলক বাক্যে ইচ্ছা জানতে ও উত্তরমূলক বাক্যে নিজের ইচ্ছা বলতে ব্যবহৃত হয়)

★(প্রশ্ন করা বুঝায়। (জুনিয়র)

(মতামত জানতে চাওয়া ও মতামত দেওয়া বুঝায়)★

(으) = 래요 বক্তার কোনো কাজ করার ইচ্ছা বুঝাতে এবং কারো ইচ্ছা জিজ্ঞেস করতেও ব্যবহৃত হয়। ভাবটি **다** উঠিয়ে দিয়ে বাচ্ছিম থাকলে বা সর্বশেষ অক্ষর ব্যঞ্জনবর্ণ দিয়ে শেষ হলে **을래요** এবং বাচ্ছিম না থাকলে বা স্বরবর্ণ দিয়ে শেষ হলে বা শুধু **=** বাচ্ছিম থাকলে **=** **래요** যুক্ত করতে হবে। তবে এক্ষেত্রে **=** বাচ্ছিম লোপ পাবে অর্থাৎ উচ্চারণ হবেনা।

যেমন-

- ❖ 가: 뭐 먹**을래요**? কি খাবে বা কি খাওয়া যায়?
- ❖ 나: 저는 라면 먹**을래요**. আমি নুডলস খাব।
- ❖ 가: 내일 같이 운동**할래요**? কালকে একসাথে ব্যায়াম করব?
- ❖ 나: 저는 집에서 **술래요**. আমি বাসাতে বিশ্রাম করব।

안 ও 못 (না বোধক বাক্যে ব্যবহৃত হয়)

★(নাই (না)—অর্থ প্রকাশ করে)★

안 ক্রিয়াপদ বা বিশেষণ পদের সাথে যুক্ত হয়ে "না" বুঝায়। 명사+하다 গঠনের ভাবগুলোর ক্ষেত্রে 안 শব্দটা 명사+하다 এর মাঝে বসে গঠনটা 명사 안하다 হয়।

যেমন- 운동하다 না বোধক 운동 안 하다, 요리하다 না বোধক 요리 안 하다। তবে শুধুমাত্র 있다 বিশেষণের না বোধক 안 있다 না হয়ে 없다 হবে।

যেমন-

- ❖ 가: 일요일에 회사에 가요? রবিবারে কোম্পানিতে যান?
- ❖ 나: 아니요, 회사에 안 가요. না, কোম্পানিতে যাই না।
- ❖ 가: 어제 운동했어요? গতকাল ব্যায়াম করেছেন?
- ❖ 나: 아니요, 운동 안 했어요. না, ব্যায়াম করিনি।
- ❖ 가: 이 영화가 재미있어요? এই সিনেমা মজার কি?
- ❖ 나: 아니요, 재미없어요. না, মজার না।

안 ও 못 এর মধ্যে পার্থক্য-

(১) 안 ক্রিয়াপদ এবং বিশেষণ পদের আগে বসতে পারে আর 못 শুধুমাত্র ক্রিয়াপদের আগে বসতে পারে বিশেষণের আগে বসতে পারে না।

(২) কর্তা ইচ্ছা করে কোনো কিছু না করার ক্ষেত্রে 안 বসে আর কর্তার অক্ষমতা বা কোনো কারণ থাকতে করতে পারছে না এক্ষেত্রে 못 বসে।

Chapter 15

네요 (কিছুটা আশ্চর্য ও বিস্ময় প্রকাশ করতে ব্যবহৃত হয়)

★(! অবাক/ বিস্ময় প্রকাশ করতে ব্যবহার করা হয়।)★

বক্তা নিজে কোনো কিছু দেখে বা অনুভব করে কিছুটা বিস্মিত বা কিছুটা আশ্চর্য হলে সেটা প্রকাশ করতে ক্রিয়াপদ বা বিশেষণ পদের পেছনে 네요 ব্যবহৃত হয়। বাচ্ছিম থাকুক বা না থাকুক সব ক্ষেত্রেই 네요 ব্যবহৃত হয়। তবে = বাচ্ছিম থাকলে = বাচ্ছিম লোপ পাবে অর্থাৎ উচ্চারণ হবেনা।

যেমন-

- ❖ 가: 지금 추워요? এখন শীত লাগছে?
- ❖ 나: 네, 좀 춥네요. হ্যাঁ, একটু শীত।

❖ 가: 수피카 씨는 한국 음식을 참 잘 만드네요. সুফিখা কোরিয়ান খাবার সতিই ভালো বানান দেখছি।

❖ 나: 그래요? 감사합니다. তাই? ধন্যবাদ।

아서/어서 (কোনো ঘটনা ঘটান কারণ বুঝাতে ব্যবহৃত হয়)

★(কারণে/তাই/ হওয়ায়)—অর্থ প্রকাশ করে★

아서/어서 ক্রিয়াপদ বা বিশেষণ পদের পেছনে লেগে কারণ বুঝায়। 아서/어서 এর পেছনের বাক্যে কোনো ঘটনা থাকে এবং সামনের বাক্যে ঘটনা ঘটান কারণ থাকে। 아서 / 어서 এর সামনে অতীতসূচক 았/었 বসতে পারেনা এবং পেছনে আদেশ বা অনুরোধ সূচক বাক্য আসতে পারবে না। ভার্ব বা অ্যাডজেক্তিভটির 다 উঠিয়ে দিয়ে সর্বশেষ অক্ষর ㅏ, ㅑ হলে 아서 এবং ㅏ, ㅑ ছাড়া বাদ বাকী স্বরবর্ণ থাকলে 어서 যুক্ত হবে। শুধু 하다 থাকলে 해서 হবে।

যেমন-

❖ 가: 오늘 기분이 어때요? আজ মন বা মেজাজ কেমন?

❖ 나: 날씨가 좋아서 기분이 좋아요. আবহাওয়া ভালো হওয়ায় মন ভালো।

❖ 배가 아파서 병원에 갔어요. পেট ব্যাথা তাই হাসপাতালে গিয়েছিলাম।

❖ 눈이 와서 기분이 너무 좋아요. তুষার পড়াতে মন/মেজাজ খুব ভালো।